



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
এন্টি টেররিজম ইউনিট
বাড়ী নং-৩৫, সোহরাওয়ার্দী এভিনিউ
ব্লক-কে, বারিধারা, ঢাকা-১২১২।
www.atu.police.gov.bd



স্মারক নং- পিআর ১২৭/২২

তারিখঃ ১৬ অগ্রহায়ন ১৪২৯ বঙ্গাব্দ
১লা ডিসেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

বিষয়ঃ এন্টি টেররিজম ইউনিট (এটিইউ) কর্তৃক জঙ্গিবাদে প্ররোচনাকারী/‘আনসারুল্লাহ বাংলা টীম(এবিটি) এর ০১(এক) জন সদস্য গ্রেফতার।

এন্টি টেররিজম ইউনিট (এটিইউ) এর একটি দল গোপন সংবাদের ভিত্তিতে ৩০ নভেম্বর ২০২২ খ্রি. তারিখ বিশেষ অভিযান পরিচালনা করে ডিএমপি, রামপুরা থানাধীন বনশ্রী এলাকা হতে জঙ্গিবাদে প্ররোচনাকারী/‘আনসারুল্লাহ বাংলা টিম (এবিটি)’ এর ০১ (এক) জন সদস্যকে আটক করেছে। আটককৃত সদস্যের নাম- ডাঃ মোঃ আবুল কাশেম আলফি (৬২), পিতা- আঃ রহমান, মাতা- রাবেয়া রহমান, স্থায়ী ঠিকানা:- গ্রাম- কামারগ্রাম, থানা-আলফাডাঙ্গা, জেলা-ফরিদপুর, বর্তমান ঠিকানা: বাসা নং-৪০, রোড নং-০৩, ব্লক-ই বনশ্রী, থানা- রামপুরা, ডিএমপি, ঢাকা। তিনি পেশায় একজন ডেন্টিস্ট। গ্রেফতারকালে এন্টি টেররিজম ইউনিট তার নিকট থেকে ০১ টি এন্ড্রয়েড মোবাইল সেট ও ৩৭ টি উগ্রবাদী বই জব্দ করেছে।

গ্রেফতারকৃত ডাঃ মোঃ আবুল কাশেম আলফি তার অন্যান্য সহযোগীদের নিয়ে অনলাইনে জঙ্গিবাদ প্রচরণাসহ রাষ্ট্র বিরোধী ষড়যন্ত্রের মাধ্যমে বাংলাদেশে তথাকথিত খিলাফত রাষ্ট্র প্রতিষ্ঠার উদ্দেশ্যে দীর্ঘদিন ধরে বিভিন্ন কার্যক্রম পরিচালনা করে আসছিলেন। গ্রেফতারকৃত আসামী নিষিদ্ধ সংগঠনের প্রচলিত বই সমূহ নিজ উদ্যোগে ছাপিয়ে তার সহযোগী অন্যান্য সদস্যদের নিকট বিতরণ করতেন। তিনি বাংলাদেশের জননিরাপত্তা, সংহতি, সার্বভৌমত্ব বিপন্ন ও জনসাধারণের মধ্যে আতংক সৃষ্টির লক্ষ্যে সাইবার স্পেস (ফেসবুক/ম্যাসেঞ্জার/টেলিগ্রাম) ব্যবহার করে বিভিন্ন গ্রুপ খুলে উগ্রবাদী কন্টেন্ট প্রচার ও উগ্রবাদী বিভিন্ন বই পোস্ট করে অগ্রহীদের সাথে নিয়মিত যোগাযোগ রক্ষাসহ তাদের উগ্রবাদের দিকে আহ্বান করে আসছিলেন। এছাড়াও ধৃত আসামী জসীম উদ্দিন রাহমানীকে সমর্থনপূর্বক সন্ত্রাসী কার্যক্রম পরিচালনা, সন্ত্রাসী কার্যে অর্থায়ন এবং উগ্রবাদী প্রশিক্ষণ ও জিহাদী প্রচার-প্রচারণা করে অন্যান্যদের সন্ত্রাসী কার্যে উদ্বুদ্ধ করার কার্যক্রম চালিয়ে যাচ্ছিলেন।

গ্রেফতারকৃত মোঃ আবুল কাশেম আলফি মানিকগঞ্জ, শিবালয় থানার মামলা নং-১৫, তাং-১৮/১০/২০২১ খ্রি., সন্ত্রাস বিরোধী আইন ২০০৯ (সংশোধনী-২০১৩) এর ৭(৩)/৮/৯(৩)/১০/১২/১৩ ধারার তদন্তে প্রাপ্ত নিষিদ্ধ সংগঠনের একজন সক্রিয় সদস্য। তার বিরুদ্ধে পরবর্তী আইনানুগ কার্যক্রম প্রক্রিয়াধীন।

০১/১২/২০২২

(মোহাম্মদ আসলাম খান)

পুলিশ সুপার

(মিডিয়া অ্যান্ড অ্যাওয়ারনেস উইং)

এন্টি টেররিজম ইউনিট,

বাংলাদেশ পুলিশ, ঢাকা

E-mail: atu.spma@police.gov.bd